

## বাকুবিতে কৃষিভিত্তিক প্রথম এফএম রেডিও

বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) ক্যাম্পাসে কৃষিভিত্তিক প্রথম এফএম (ফ্রিকোয়েন্সি মডিউলেশন) রেডিও চালুর প্রক্রিয়া শুরু হয়েছে। ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন কৃষিভিত্তিক এই এফএম রেডিও স্টেশন বাংলাদেশ বেতারের অর্ধায়নে পরিচালিত হবে। তবে রেডিওটির নাম এখনো চূড়ান্ত হয়নি। মঙ্গলবার সকালে উপাচার্য সচিবালয়ে রেডিও স্টেশন স্থাপন সম্পর্কিত সমঝোতা স্মারক স্বাক্ষর করেন বাংলাদেশ বেতারের মহাপরিচালক কাজী আখতার উদ্দিন আহমেদ ও বিশ্ববিদ্যালয়ের রেডিওটির আহ্বানকারী অধ্যাপক।

জানা যায়, বাংলাদেশ বেতারের অর্ধায়নে পরিচালিত ময়মনসিংহ-৩ পোপালগায়ে দুটি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন এফএম কোর কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ময়মনসিংহের বাকুবি ক্যাম্পাসে এই রেডিও স্টেশন স্থাপন করা হবে। ক্যাম্পাসের ভেতরে রেডিও স্টেশন স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ বেতার বাকুবি প্রশাসনের কাছে জমি বরাদ্দের আবেদন করলে বিশ্ববিদ্যালয়ের সিক্রিট ৩০২তম অধিবেশনে তা মঞ্জুর করে। উন্নয়নের আর্থনিক দিশা খা হলের পাশে ১.৬ একর জমি ওই রেডিও স্টেশন স্থাপনের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে।

এদিকে রেডিও স্টেশনটি মূলত কৃষি সম্পর্কিত সংবাদ, অনুষ্ঠান ও প্রকৌশল শাখায় ধ্যানাস থাকবে। এ জন্য নিয়োজিত থাকবে আনুমানিক ৬৫-৭০ কর্মকর্তা-

কর্মচারী। স্টেশনটি থেকে বিশ্ববিদ্যালয়ে উদ্ভাবিত বিভিন্ন কৃষি প্রযুক্তি কৃষকদের মাঝে তুলে ধরতে এবং এই অঞ্চলের কৃষকদের বিভিন্ন সমস্যা সমাধানে প্রশ্ন-উত্তর পর্ব, বিশেষজ্ঞ পাবেজ্ঞকর মতামতসহ কৃষিভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান প্রচারিত হবে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা বেতারের অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করার সুযোগ পাবে বলে জানিয়েছেন বাংলাদেশ বেতারের মহাপরিচালক কাজী আখতার উদ্দিন আহমেদ। এদিকে ক্যাম্পাসে



রেডিও স্টেশন স্থাপনের ফলে রেডিওশনে বিশ্ববিদ্যালয়ের পরিবেশের ওপর কোনো ক্ষতিকর প্রভাব পড়বে না জানিয়ে তিনি বলেন, রেডিও স্টেশনের ফ্রিকোয়েন্সি মোবাইলের ফ্রিকোয়েন্সির চেয়ে প্রায় ১০ গুণ কম।

আনুমানিক ৭৬ কোটি টাকা ব্যয়ে নির্মিত ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন ওই রেডিও স্টেশনটির কাজ এ বছরের জুনে শুরু হবে। ২০১৬ সালের জুনে নির্মাণকাজ শেষ হওয়ার পর রেডিও স্টেশনটির সম্প্রচার শুরু সম্ভব হবে বলে জানিয়েছেন উপ-প্রকল্প পরিচালক মুহাম্মদ শরিফুল্লাহ মান্নান সরকার। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রফিকুল হক বলেন, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এবং কৃষিতে আধুনিকায়নের হোয়া দেওয়ার লক্ষ্যেই এ বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি। ক্যাম্পাসে রেডিও স্টেশনটি স্থাপনের ফলে বিশ্ববিদ্যালয়ে উদ্ভাবিত আধুনিক প্রযুক্তিগুলো দ্রুত জড়িয়ে দেওয়া সম্ভব হবে।